# অক্টোবর/২০২৪ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ কমিটির মাসিক সভার কার্যবিবরণী:

প্রশাসক : মো: মহিদুল হক
প্রশাসক, উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
কাউনিয়া, রংপুর।

তারিখ : ২৮/১০/২০২৪ খ্রি.।
সময় : দুপুর ১২:০০ ঘটিকা ।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "খ"

সভার শুরুতেই প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার মাসিক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় গত ২৯/০৯/২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধন, বিয়োজন বা সংযোজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর অদ্যকার সভার নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

**স্থায়ী কমিটির সভা সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত :**

| ক্রঃনং | আলোচ্য সুচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | ইউনিয়ন/ওয়ার্ড সভা সম্পর্কিত আলোচনা | ইউনিয়ন/ওয়ার্ড কমিটির সভা সম্পর্কিত বিষয়ে আলোচনা হয়। উপস্থিত সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জানান যে, বিধি অনুযায়ী ইউনিয়ন ও ওয়ার্ড সভা অনুষ্ঠিত হচ্ছে। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কমিটির সভার কার্যবিবরণী প্রতিমাসে প্রেরণ করা হচ্ছে। | উপজেলা পরিষদ সভা অনুষ্ঠানের পূর্বে ইউনিয়ন কমিটির সভার কার্যবিরণী নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ও ইউপি/সচিব (সকল)কাউনিয়া, রংপুর। |
| ০২ | উপজেলার ইউনিয়ন পরিষদে UDC গুলির আয়ের তথ্য আপলোড এবং ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করন। | হারাগাছ পৌরসভা ও সকল ইউনিয়ন পরিষদ সমূহের UDC গুলির তথ্য বিষয়ে চেয়ারম্যানগণের নিকট জানতে চাওয়া হলে তাঁরা জানান UDC গুলির কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | হারাগাছ পৌরসভা ও ইউনিয়ন পরিষদ সমূহের UDC গুলো তদারকি করার জন্য মেয়র, হারাগাছ পৌরসভা ও সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয় | সংশ্লিষ্ট সকল |

**বিভাগ ভিত্তিক আলোচনা :**

**১.উপজেলা স্বাস্থ্য বিভাগ:**

| ক্রঃনং | আলোচ্য সুচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | সেপ্টেম্বর/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসা সেবা প্রদান কার্যক্রম স্বাভাবিক প্রক্রিয়ায় চলমান। বহির্বিভাগে প্রতিদিন জনগনকে সকাল থেকে দুপুর পর্যন্ত চিকিৎসা সেবা দেওয়ার পাশাপাশি ইমার্জেন্সি বিভাগ ২৪ ঘন্টা সেবা প্রদান করা হচ্ছে। এছাড়াও কমিউনিটিতে টিকা প্রদান কার্যক্রম এবং কমিউনিটি ক্লিনিক গুলো নিয়মিত স্বাভাবিক সেবা প্রদান করে যাচ্ছে। এছাড়াও এইচপিভি টিকাদান কার্যক্রম আগামী ২৪/১০/২০২৪ খ্রি. হতে ২৪/১১/২০২৪ খ্রি. পর্যন্ত চলমান থাকবে। টিকাদান কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে সকলের সহযোগিতা কামনা করেন। | অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

**২.উপজেলা কৃষি বিভাগ :**

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | সেপ্টেম্বর/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা কৃষি অফিসার ২০২৪-২৫ অর্থ বছরে রবি মৌসুমে উপজেলা পরিষদের অর্থায়নে চর অঞ্চলের কৃষকদের মাঝে মিষ্টি কুমড়া চাষের জন্য সম্ভাব্য ব্যয় বিবরণী =৫,০০,০০০/- টাকা (১ম পর্যায়) সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করেন। | চর অঞ্চলের কৃষকদের মাঝে মিষ্টি কুমড়া চাষের জন্য সম্ভাব্য ব্যয় বিবরণী =৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা দাখিলকৃত প্রকল্প উপজেলা নির্বাহী অফিসার ও প্রকৌশলী কর্তৃক যাচাই অন্তে উপজেলা উন্নয়ন তহবিল হতে বরাদ্দের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার কৃষি অফিসার ও উপজেলা প্রকৌশলী, কাউনিয়া, রংপুর। |

**৩. উপজেলা প্রাণী সম্পদ বিভাগ:**

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | সেপ্টেম্বর/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা জানান যে, তার কার্যালয়ের চলমান সকল কার্যক্রম সম্পর্কে সভায় অবহিত করেন এবং কার্যক্রমসমূহের তথ্য প্রদান করেন। তিনি জানান যে তাঁর অফিস চত্বরে পরিত্যক্ত পুকুর আছে। তিনি উপজেলা পরিষদ তহবিল হতে মাটি ভরাটের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | সভায় এবিষয়ে উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা-অনুযায়ী উপজেলা উন্নয়ন তহবিল হতে মাটির কাজ বিধি সম্মত নয়। | উপজেলা প্রকৌশলী ও প্রাণী সম্পদ কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

**৪. মৎস্য বিভাগ :**

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | সেপ্টেম্বর/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা মৎস্য অফিসার বলেন যে, অক্টোবর ১৩ থেকে নভেম্বর ০৩ তারিখ পর্যন্ত মা-ইলিশ সংরক্ষণ অভিযান চলমান আছে। পিরানহা, আফ্রিকান মাগুর যেনো কোথাও বিক্রি না হয় সে দিকে সজাগ দৃষ্টি রাখতে হবে। তিস্তা নদীতে মৎস্য অভয়াশ্রম স্থাপনের প্রকল্প গ্রহণের প্রস্তাব করেন। এছাড়াও তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | তিস্তা নদীতে মৎস্য অভয়াশ্রম স্থাপনের প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার, কাউনিয়া, রংপুর। |

**৫. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:**

| | | | |
|---|---|---|---|
| ০৫ | সেপ্টেম্বর/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | (নিচের সারণি ও বিবরণ দ্রষ্টব্য) | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার কাউনিয়া, রংপুর। |

| মাসের নাম | অস্থায়ী পদ্ধতি | | | দীর্ঘমেয়াদী পদ্ধতি | | স্থায়ী পদ্ধতি | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|
| | খাবার বড়ি | কনডম | ইনজেকটেবলস | IUD | ইমপ্ল্যানন | পুরুষ | মহিলা | |
| সেপ্টেম্বর/২০২৪ | ৪০৩ | ৪৮ | ২৭১ | ০৮ | ৩১ | ০১ | ০৯ | ৭৭১ |

১। পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন এমআইএস ইউনিট কর্তৃক মাঠ পর্যায়ে জনসংখ্যা ও দম্পতি নিবন্ধন, তথ্য সংগ্রহ,সেবা প্রদানের তথ্যাদি সংরক্ষন, পতিবেদন প্রনয়ণ এবং প্রেরনের কার্যক্রম ডিজিটালাইজ করার লক্ষ্যে ২০১৫ সাল হতেই-এমআইএস কার্যক্রম গ্রহণ

| | | | | |
|---|---|---|---|---|
| | | করা হয়। ইতিমধ্যে ৫টি জেলায় পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা [illegible] তথ্য উপাত্ত ও সংরক্ষণ প্রক্রিয়াকে ডিজিটালাইজেশন ঘোষণা করা হয়েছে।<br>২। এরই ধারাবাহিকতায় সুবিধাভোগীর সমন্বয়ে রংপুর জেলাসহ আরো ১৬টি জেলার পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা প্রদানের তথ্য উপাত্ত ও সংরক্ষণ প্রক্রিয়াকে ডিজিটালাইজেশন ঘোষণা করা হয়েছে।<br>৩।UH&FWC/MCWC গুলোতে,মা ও শিশু মৃত্যু রোধে সরকারঘোষিত স্বাস্থ্য সেবা সুবিধার ২৪/৭ স্বাভাবিক প্রসব সেবা অব্যাহত আছে।<br>৪। আবাসন/আশ্রয়ন/গুচ্ছগ্রাম-FPI,FWV ও FWA কতৃক প্রতিমাসে কার্যক্রম চালু আছে।<br>৫। উক্ত উপজেলায় ৪১ টি ইউনিট হলেও কর্মরত FWAরয়েছে ৩৩ জন।<br>৬। বিভাগীয় মাসিক সমন্বয় সভার দাপ্তরিক দিকনির্দেশনা প্রদান করা হয়েছে।<br>তিনি আর জানান যে, ১এমএল ফ্রিজ, হ্যান্ড গ্লোভস প্রদানের জন্য অনুরোধ করেন।<br>সিদ্ধান্ত : উপজেলা প্রকৌশলী, প্রাক্কলন প্রস্তুত করে উপজেলা উন্নয়ন তহবিল হতে আরএফকিউ প্রকল্পের মাধ্যমে ক্রয় করে বিল ভাউচার মাধ্যমে চেক প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | | |

৬.উপজেলা প্রকৌশল বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬ | সেপ্টেম্বর/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা প্রকৌশলী জানান যে,<br>১। ২০২৩-২৪ অর্থ বছরের এডিপি বরাদ্দ হতে জয়বাংলা হাটে সীমানা প্রাচীর নির্মাণ জায়গা নিয়ে জটিলতার কারণে নির্মাণ সম্ভব নয়। উক্ত সীমানা প্রচীর কাউনিয়া কলেজ ও আরাজী শাহাবাজ উচ্চ বিদ্যালয়ে নির্মাণ করা হয়। ভূতাপেক্ষ অনুমোদন করা যেতে পারে।<br>২। কাউনিয়া গুলশান বাজার হতে বকুল তলা রাস্তার দুই প্বার্শে তিন ফুট করে প্রস্তুত করা হবে। রাস্তার দুই প্বার্শের গাছ কাটা অতীব জরুরী।<br>৩। কাউনিয়া বাসস্ট্যান্ড হতে টেপামধুপুর গামী রাস্তার দুই প্বার্শের রাস্তার গাছ অপসারণ।<br>৪। বন্যার ক্ষতিগ্রস্ত গোপীডাংগা মৌলভী বাজারের সাকো জরুরী ভিত্তিতে সংস্কার করা হয়। উপজেলা রাজস্ব তহবিল হতে অগ্রীম ২,৩৪,৯১০/- ব্যয় করা হয়। যা অনুমোদন করা যেতে পারে। | ১। ২০২৩-২৪ অর্থ বছরের এডিপি বরাদ্দ হতে জয়বাংলা হাটে সীমানা প্রাচীর নির্মাণ জায়গা নিয়ে জটিলতার কারণে সীমানা প্রচীর কাউনিয়া কলেজ ও আরাজী শাহাবাজ উচ্চ বিদ্যালয়ে নির্মাণ করার সিদ্ধান্ত ভূতাপেক্ষ অনুমোদনের সম্মতি গৃহীত হয়।<br>২। কাউনিয়া গুলশান বাজার হতে বকুল তলা রাস্তার দুই প্বার্শে তিন ফুট করে প্রসস্থ করা হবে। ফলে রাস্তার দুই প্বার্শের গাছ কর্তনের বিষয়ে বন বিভাগ ব্যবস্থা নিবেন।<br>৩। কাউনিয়া বাসস্ট্যান্ড হতে টেপামধুপুর গামী রাস্তার দুই প্বার্শের রাস্তার গাছ অপসারণ জন্য বন বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা নিবে।<br>৪।গোপীডাংগা মৌলভী বাজারের সাকো জরুরী ভিত্তিতে সংস্কার করা হয়। উপজেলা উন্নয়ন তহবিল হতে অগ্রীম ২,৩৪,৯১০/- টাকা ব্যয়ের অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, প্রকৌশলী ও ফরেস্টার, বন বিভাগ, কাউনিয়া, রংপুর। |

৭.উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | সেপ্টেম্বর/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে, এইচএসসি, আলিম ও কারিগরি পরীক্ষা/২৪ এর ফলাফল গত ১৫/১০/২০২৪ খ্রি. তারিখে প্রকাশিত হয়েছে। এবার অত্র উপজেলায় এইচএসসি পরীক্ষায় মোট GPA 5 পেয়েছে ১৬১ জন। এছাড়া গত ২০/১০/২৪ খ্রি. তারিখ থেকে দশম শ্রেণীর নির্বাচনী পরীক্ষা শুরু হয়েছে এবং তা আগামী ০৫/১১/২৪ খ্রি. তারিখ পর্যন্ত চলবে। ০১/১২/২৪ খ্রি. তারিখ থেকে এসএসসি পরীক্ষার ফরম ফিলাপ শুরু হবে। এছাড়াও তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কাউনিয়া, রংপুর। |

৮.উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | সেপ্টেম্বর/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা শিক্ষা অফিসার জানান যে, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর থেকে প্রাপ্ত ৭৪ টি বিদ্যালয়ে ৭৪ টি স্পীকার বিতরণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। ২০২৫ সালে বই প্রাপ্তির নিমিত্তে বিদ্যালয় পর্যায়ে অন-লাইন বই এর চাহিদা দাখিলের কাজ চলমান রয়েছে। ২০২১-২২ অর্থ বছর থেকে ২০২৪ সালের জুন পর্যন্ত যে সমস্ত সুবিধাভোগী শিক্ষার্থী উপবৃত্তির টাকা পায়নি তাদের বকেয়া উপবৃত্তি ও বাউন্স ব্যাককৃত অর্থ প্রদানের জন্য বিদ্যালয় পর্যায়ে তথ্য হালনাগাদ কার্যক্রম চলমান। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা শিক্ষা অফিসার কাউনিয়া, রংপুর |

৯. উপজেলা সমাজ কল্যাণ বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯ | সেপ্টেম্বর/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা সমাজসেবা অফিসার বলেন যে,তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা সমাজ সেবা অফিসার,কাউনিয়া, রংপুর। |

১০.উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | সেপ্টেম্বর/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | অফিসের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,কাউনিয়া, রংপুর। |

১১. উপজেলা মহিলা বিষয়ক বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | সেপ্টেম্বর/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন যে, ভিডব্লিউবি কর্মসূচির আওতায় অক্টোবর মাসের খাদ্য বিতরণের আদেশ প্রদান করা হয়েছে। মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় জুলাই হতে অক্টোবর মাস পর্যন্ত নয়জন করে নতুন উপকারভোগীর তালিকা আহবান করা হয়েছে। বাল্য বিবাহ নিরোধ কমিটি ও নারী-শিশু নির্যাতন প্রতিরোধ কমিটিকে সক্রিয় করণ পূর্বক সভার কার্যবিবরনী প্রেরণের অনুরোধ করা হয়েছে। জয়িতা অন্বেষনে বাংলাদেশ শীর্ষক কর্মসূচির আওতায় আবেদন আহবান করা হয়েছে। প্রচারনার জন্য সকলকে অনুরোধ করেন। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সকল ইউপি চেয়ারম্যানগণকে কার্যকারী ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল ও উপজেলা মহিলা বিষয়ক অফিসার কাউনিয়া, রংপুর। |

১২. উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | সেপ্টেম্বর/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজলো যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, গত সেপ্টেম্বর/২৪ মাসে ৩০ জন যুবক ও যুব মহিলাকে গাভী পালন বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। আত্নকর্মে নিয়োজিত করা হয়েছে ০৭ জনকে। মাসিক ঋণ আদায় হার ৯২% এবং ক্রমপুঞ্জিত আদয় হার ৮৭%। এছাড়াও তিনি ১ নভেম্বর ২০২৪ খ্রি. যুব দিবসে সকলকে অংশগ্রহণের অনুরোধ জানান। তাঁর বিভাগের অন্য সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার কাউনিয়া, রংপুর। |

১৩. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | সেপ্টেম্বর/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, সুফলভোগী সদস্যদের মাঝে সঞ্চয় জমা ও ঋণ বিতরণ কার্যক্রম চলমান এবং সুফলভোগী সদস্যদের প্রশিক্ষণ ও কিশোরী সংঘের বয়ঃসন্ধি বিষয়ক সচেতনতা প্রশিক্ষণ এবং প্রশিক্ষণ সামগ্রী বিতরণ কার্যক্রম চলমান। তাঁর বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার,কাউনিয়া, রংপুর। |

১৪. উপজেলা সমবায় বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | সেপ্টেম্বর/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা সমবায় অফিসার বলেন যে, আগামী ০২ নভেম্বর/২৪ রোজ শনিবার জাতীয় সমবায় দিবস যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়েছে। উক্ত সভায় তিনি সকলকে আমন্ত্রণ জানান। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক, সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা সমবায় অফিসার কাউনিয়া, রংপুর। |

১৫. বন বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫ | সেপ্টেম্বর/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | ভারপ্রাপ্ত বন কর্মকর্তা, বন বিভাগ, কাউনিয়া জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে কাউনিয়া উপজেলায় ৫ কি.মি রাস্তায় স্ট্রীট বাগান সৃজনের পরিকল্পনা রয়েছে। বরাদ্দ পাওয়া ৫,০০০টি চারা উত্তোলন করা হবে। এছাড়া তাঁর বিভাগের অন্য সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা বন কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

১৬.জনস্বাস্থ্য বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬. | সেপ্টেম্বর/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপ-সহকারী প্রকৌশল অধিদপ্তর (জনসাস্থ্য) সভায় জানান যে, তঁর বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপ-সহকারী প্রকৌশল জনস্বাস্থ্য কাউনিয়া, রংপুর। |

১৭. কাউনিয়া পল্লী বিদ্যুৎ সমিতি :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | সেপ্টেম্বর/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | ডিজিএম কাউনিয়া পল্লী বিদ্যুৎ সমিতি, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | ডিজিএম কাউনিয়া পল্লীবিদ্যুৎ সমিতি-২, রংপুর। |

১৮. আনসার ভিডিপি বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | সেপ্টেম্বর/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা আনসার ভিডিপি অফিসার জানান যে, শারদীয় দুর্গাপুজা ২০২৪ এর বিভিন্ন পূজা মন্ডপে আইন-শৃঙ্খলা রক্ষায় নিয়োজিত আনসার ও ভিডিপি সদস্যদের ভাতা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা আনসার ভিডিপি অফিসার,কাউনিয়া, রংপুর। |

১৯. তথ্য আপা তথ্য সেবা :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯ | সেপ্টেম্বর/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | তথ্য আপাঃ তথ্যসেবা কর্মকর্তা সভায় বলেন যে, বাজেট বরাদ্দ না থাকায় উঠান বৈঠক কার্যক্রম আপাতত বন্ধ আছে। এছাড়া অফিসের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | তথ্য আপা, তথ্য সেবা কর্মকর্তা,কাউনিয়া, রংপুর। |

২০. উপজেলা রিসোর্স সেন্টার :

| | | | | |
|---|---|---|---|---|
| ২০ | সেপ্টেম্বর/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার সভায় বলেন যে, অফিস কক্ষ ও প্রশিক্ষণ কক্ষের টয়লেট সমূহ অকেজো হয়ে পড়েছে। সেগুলি মেরামত এর জন্য সভায় অনুরোধ করেন। আগামী ০৩ নভেম্বর হতে বিষয়ভিত্তিক বাংলা প্রশিক্ষণ কার্যক্রম শুরু হতে যাচ্ছে। দুটি ব্যাচের বরাদ্দ পাওয়া গেছে। তিনি বলেন প্রশিক্ষণ সেন্টারের সেপটিক ট্যাংক ও সোক ওয়েল মেরামত/সংস্কারের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবস্থা গ্রহণের সভায় অনুরোধ করেন। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা রিসোর্স সেন্টারের সেপটিক ট্যাংক ও ০১টি সোক ওয়েল তৈরী জন্য প্রাক্কলণ করে উপজেলা উন্নয়ন তহবিল হতে তৈরী করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী ও উপজেলা রিসোর্স সেন্টার, কাউনিয়া, রংপুর। |

২১. উপজেলা পরিসংখ্যান বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ২১ | সেপ্টেম্বর/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় বলেন যে, মাঠ পর্যায়ে নিয়মিত মাসিক কৃষি পরিসংখ্যান প্রতিবেদন প্রেরণ, স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন কার্যক্রম, দাগগুচ্ছ জরিপ, মাল্টিপল ইন্ডিকেটর ক্লাস্টার সার্ভে, খানাভিত্তিক পরিবেশ জরিপ ইত্যাদি চলমান রয়েছে। অর্থনৈতিক শুমারির জোনাল অপরেশন সম্পন্ন হয়েছে। নভেম্বর-ডিসেম্বর মাসে মূল তথ্য সংগ্রহ কার্যক্রম অনুষ্ঠিত হবে। অফিসের অন্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা,কাউনিয়া, রংপুর। |

১। চেয়ারম্যান, টেপামধুপুর ইউনিয়ন পরিষদ বলেন যে, উপজেলায় রাস্তায় স্ট্রিট লাইট লাগানো হয়েছে, সেগুলি বিকল অবস্থায় আছে। তিনি মেরামতের জন্য সভায় অনুরোধ জানান। সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার বলেন যে, স্ট্রিট লাইট বরাদ্দ পাওয়া যায়না, বর্তমানে এ বিষয়ে কোন বরাদ্দ নেই।

২। চেয়ারম্যান, হারাগাছ ইউনিয়ন পরিষদ জানান যে, তার ইউনিয়ন পরিষদে একজন গ্রাম পুলিশ জনাব মোঃ আব্দুল ওহাব গত ১৯/১০/২০২৪খ্রি. তারিখে অবসরে গিয়াছেন। তিনি সভায় অবহিত করেন।

**সিদ্ধান্ত** : সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে হারাগাছ ইউনিয়ন পরিষদে ০১জন গ্রাম পুলিশ অবসরে গেছেন, পদটি শুন্য ঘোষণা করা হলো এবং শুন্যপদে ০১(এক)জন গ্রাম পুলিশ নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

28/10/24

(মোঃ মহিদুল হক)
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
উপজেলা পরিষদ মাসিক সভা
কাউনিয়া, রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাউনিয়া, রংপুর।
www.kaunia.rangpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৮৫৪২.০০৪.০২.০০৮.২৪- ৭৪৩/১ তারিখঃ ০৩/১১/২০২৪খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রি পরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৫। জেলা প্রশাসক, রংপুর।
৬। চেয়ারম্যান, ...............................(সকল), ইউ,পি কাউনিয়া, রংপুর।
৭। উপজেলা ............................... অফিসার, কাউনিয়া, রংপুর।
৮। অফিস কপি।

০৩/১১/২৪
(মোঃ মহিদুল হক)
উপজেলা নির্বাহী অফিসার
কাউনিয়া, রংপুর।
ফোন-০২৫৮৯৯৭৮২০১